

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩০১

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৮

১৬ নভেম্বর ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৯২৭০/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ প্রেক্ষিতে আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার সরাইল উপজেলার দেওড়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের পর্ষদ নির্বাচন ২০২০ ইং এ জনাব মো. আমিনুল হক চৌধুরী, সরাইল, ব্রাহ্মণবাড়িয়া বিনা প্রতিদ্বন্দ্বিতায় দাতা সদস্য নির্বাচিত হন। কিন্তু ঐ নির্বাচনে সভাপতি নির্বাচনের সময় নোটিশ না পাওয়ায় ০৮/০৩/২০২০ ইং তারিখে সভাপতির নির্বাচনে অংশগ্রহণ করে নাই। তৎসময়ে কোরাম সংকট হওয়ায় কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ব্যবস্থাপনা পর্ষদ নির্বাচন ২০২০ ইং সভাপতি নির্বাচন নিয়ম বহির্ভূত হওয়ায় বাতিল বলিয়া ঘোষণা করেন।

উল্লেখ্য, গত ০৯/০৪/২০১৫ ইং তারিখে দেওড়া আদর্শ উচ্চ বিদ্যালয়ের ব্যবস্থাপনা পর্ষদের ২০১৫-২০১৭ ইং কমিটির সভাপতি নির্বাচনে কোরাম সংকট হওয়ায় নির্বাচিত সকল ক্যাটাগরির সকল সম্মানিত সদস্যগণের পদসহ নির্বাচন বাতিল হলে ও তৎসময়ের সম্মানিত দাতা সদস্য বিধিসম্মতভাবে বহাল ছিলেন এবং ২০১৬-২০১৮ ইং কমিটির এর ব্যবস্থাপনা পর্ষদে দাতা সদস্য হিসেবে কমিটিতে ছিলেন। সেই হিসেবে দাতা ভোটার হিসেবে ২০২১ ইং নির্বাচনের খসড়া তালিকায় দাতা ভোটার হিসেবে থাকার কথা কিন্তু দুঃখের বিষয় খসড়া ভোটার তালিকায় দাতা ভোটারের তালিকায় নাম না থাকায় চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা বরাবর ০৯/১০/২০২১ ইং তারিখে আবেদন করেন।

জনাব মোঃ আমিনুল হক চৌধুরী আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সংশ্লিষ্ট হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৯২৭০/২০২১ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ এ মামলার ০১/১১/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন:

“The Respondent No. 2 is directed to dispose of the application dated 09.10.2021 as evident in Annexure-F to the instant writ petition in accordance with the relevant law and rules within 7 (seven) working days from the date receipt of the instant order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৯২৭০/২০২১ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদী জনাব মোঃ আমিনুল হক চৌধুরী-এর ৯/১০/২০২১ ইং তারিখের আবেদনটি (Annexure-F) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক মামলার তথ্য ডাটা বেইজে এন্ট্রি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০২.২১.৩০১/১

তারিখ: ১ অগ্রহাষণ ১৪২৮

১৬ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৬-১১-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব